উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-৭৮৬

তারিখ: ২৫.০৮.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৯ আগস্ট ২০২৪ খ্রি: রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভার আলোচ্য সূচী:

০১। বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। [illegible] আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। [illegible] বিষয়ক আলোচনা।
০৬। [illegible] সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

২৫/০৮/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-৭৮৬

তারিখ: ২৫.০৮.২০২৪ খ্রি.

বিতরণ কার্যার্থে:

... ................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

২৫/০৮/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর আগস্ট ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ২৯ আগস্ট ২০২৪ খ্রি.
সময় : বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অর্থ বছরের শুরেতেই বিভিন্ন প্রকল্প গ্রহণের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কাযালয়ে জমা প্রদান করলে প্রকল্প যাচাই-বাছাই করতে সুবিধা হয় ফলে কোন প্রকল্প একাধিক বার হওয়ার সম্ভাবনা থাকে না এবং প্রত্যেক বাস্তবায়িত প্রকল্পে প্রকল্প গ্রহণের সংস্থা, প্রকল্পের বরাদ্দ, তারিখ ইত্যাদি লেখা সংবলিত নাম ফলক থাকলে কাজের স্বচ্ছতা থাকে। মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। | বিভিন্ন প্রকল্প সঠিক ভাবে যাচাই বাছাই করার জন্য সকল ইউনিয়ন থেকে প্রকল্পের তালিকা দ্রুততম সময়ের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। তাছাড়া স্বাস্থ্য বিভাগে পর্যাপ্ত জনবলের অভাব রয়েছে। হাসপাতালের সামনে পাবলিক টয়লেট অকেজো অবস্থায় রয়েছে তা মেরামত করা জরুরী। দীর্ঘদিন যাবৎ হাসপাতালের এ্যাম্বুলেন্স নষ্ট অবস্থায় রয়েছে তা মেরামত করা প্রয়োজন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিনামূল্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে ফ্রী পিপিআর টিকা ক্যাম্পেইন পরিচালিত হবে। এতে সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। কৃত্রিম কাযক্রম ও চিকিৎসা কাযক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল |
| ৪. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির বরাদ্দকৃত টাকায় গৃহিত পিআইসি ও টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলায় যদি কোনো রাস্তায় নতুন আইডভুক্ত করার প্রয়োজন হয় তাহলে উপজেলা প্রকৌশলীর দপ্তরে জরুরি ভিত্তিতে তালিকা জমা দেওয়ার আহবান করেন। এলজিডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রক্রিয়া চলমান। | নতুন রাস্তা আইডিভুক্ত করার যথাযথ প্রক্রিয়া গ্রহণ করবেন। বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৫. | উপজেলা কৃষি বিভাগ | নিয়মিত কাযক্রম: আসন্ন খরিপ-২ মৌসুমে রোপাআমন বীজতলার লক্ষ্যমাত্রা ১০১০ হেক্টর ও আবাদ লক্ষ্যমাত্রা ২০৩৫০ হেক্টর। লক্ষ্যমাত্রা পূরণ করতে শতভাগ আদর্শ বীজতলা ও যথাসময়ে রোপনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাযক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৪৮, ব্রিধান ৮৫, ব্রিধান ৯৮, বিনা ১৯, বিনা ২১সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কাযক্রম সম্পন্ন হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অর্থবছরের সংশ্লিষ্ট সকল কাযক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। <br> কৃষি প্রণোদনা কাযক্রম: ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৪-২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১৫০০ জনকে উফশী রোপাআমন ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ উদ্দেশ্যে তালিকা তৈরীর কাযক্রম চলমান। | | |
| ৬. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে/প্রাতিষ্ঠানিক পুকুরে রাজস্ব খাতের আওতায় ০৪.০৯.২০২৪তারিখে পোনা মাছ অবমুক্ত করা হবে এত সকলের সহযোগিতা কামনা করেন। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য নিয়মিত অভিযান/মোইবল কোর্ট চলমান রয়েছে। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের তিনটি ব্রীজের কাজ ৮০% সম্পন্ন হয়েছে; বর্ষার কারনে কাজ শেষ হয়নি; খুব দ্রুতই কাজ শেষ হবে। বন্যায় কিছু রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে বরাদ্দ আসলে সেগুলো মেরামত করা হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের বরাদ্দ ১৬২৫ জনের ২০২৪-২৫ অর্থ বছরের প্রত্যেক উপকার ভোগীদের ৩০কেজি প্যাকেটজাত চালের না বরাদ্দ পাওয়া জুলাই/২৪ মাসের ডিও ছাড়পত্র প্রদান করা সম্ভাব হয় নাই। বরাদ্দ পাওয়ার সাথে সাথে ডিও দেওয়া হবে। ১৩টি ইউনিযৈনের মা ও শিশু সহায়তা কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরের কার্ড বরাদ্দ না থাকায় নতুন করে আবেদন নেওয়া সম্ভভব হচ্ছে না পরর্বর্তী বরাদ্দ আসলে আবেদন নেওয়া হবে। ০১টি পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরের কার্ড বরাদ্দ না থাকায় নতুন করে আবেদন নেওয়া সম্ভব হচ্ছে না পরর্বর্তীতে বরাদ্দ আসলে আবেদন গ্রহণ করা হবে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৮৯। খাবার বড়ি গ্রহণকারী ২৮৯৮৭। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ২০৭৯। আই ইউ ডি গ্রহণকারী ১৫২১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৮৬ স্থায়ী পদ্ধতি পুরুষ ২০৭৯জন ও মহিলা ৪১৬৮জন। মোট পদ্ধতি গ্রহীতা ৬,২৪৭জন দম্পতি। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। প্রাথমিক শিক্ষা স্কুলের কমিটি বাতিল করা হয়েছে। এখন এডহক কমিটির মাধ্যমে বিদ্যালয়ের কাযক্রম চালানো হচ্ছে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, গত ১৮তারিখ বিদ্যালয় খোলা হয়েছে।বিদ্যালয়ের অনুপস্থিত শিক্ষকদের তালিকা করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় আগামী ২০২৪-২৫ অর্থ বছরে মোট ১৪টি ব্যাচ প্রশিক্ষণ করানো হবে। ৩০জন যুব ও যুব নারী মিলে একটি ব্যাচ হবে। কেন্দুয়া উপজেলায় স্থায়ী বাসিন্দা কমপক্ষে ৫ম শ্রেণী পাস ও ১৮ থেকে ৩৫ বছর বয়সী বেকার যুবদেরকেঁ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রশিক্ষানার্থীদের স্ব স্ব এলাকায় প্রদান করা হবে। এ ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | নীতিমালা অনুযায়ী যাথাযথ প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। <br> খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা <br> ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | জেলা াজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,২০২৩-২০২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার কাযক্রম শেষ হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে অনলাইন আবেদন শুরু হলে এবং পরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কাযক্রম শুরু করতে হবে। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য সেবা কর্মকর্তা | তথ্য আপা সভায় বলেন যে, গ্রামীণ তৃণমূল পর্যায়ের সকল মহিলাদের ডোর টু ডোর গিয়ে সেবা প্রদান করা হচ্ছে। উঠান বৈঠক আপাতত স্থগিত রয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১৮. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ<br>সহকারী প্রোগ্রামার |
| বিবিধ -১ | | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর রুমে স্ট্যান্ড ফ্যান ক্রয় বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৭৭ তারিখ: ৩১.০৭.২৪ মূলে জনাব আমান উল্লাহ, সি এ উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/- টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৭৮,৭১৮৩৮৭৯ তারিখ: ৩১.০৭.২৪ মূলে প্রদান করা হয়। ০২. ছেলের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/- চেক নং-৭১৮৩৮৭৬ তারিখ: ৩১.০৭.২০২৪ মূলে জনাব মো: আলী উচমান, কেন্দুয়াকে প্রদান। ০৩. উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের স্টাফদের কক্ষে দরজা রং ও জানালার গ্লাস লাগানো খরচ বাবদ ২১,৪৮০/-চেক নং-৭১৮৩৮৮৩ তারিখে:৩১.০৭.২৪মূলে জনাব আমান উল্লাহ, সি এ উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১,৮০০/-টাকা ও আয়কর বাবদ ৭২০ যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৮৪,৭১৮৩৮৮৫ তারিখ: ৩১.০৭.২৪ মূলে প্রদান। ০৪. উপজেলা পরিষদ হল রুমে দরজার লক হলরুমে ০২টি বেসিন স্ট্যান্ডসহ ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৮০ তারিখ: ৩১.০৭.২০২৪ মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহকারী, ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৮১,৭১৮৩৮৮২ তারিখ: ৩১.০৭.২৪ মূলে প্রদান। ০৫. নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের কক্ষে বিভিন্ন অফিস সরঞ্জামাদি ক্রয়ের খরচ বাবদ | ০১ ও ০৫ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের (অফিস সরঞ্জাম) খাত হতে, ২, ৬, ১২ ও ১৩ নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে, ৩,৪,৮ও১৪ নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে, ৭নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গাড়ী সার্ভিসিং খাত হতে, ৯ ও ১০ নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাব পত্র মেরামত খাত হতে, এবং ১১নং খরচ রাজস্ব তহবিলের নতুন আসবাবপত্র ক্রয় খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৮৬ তারিখ: ৩১.০৭.২০২৪ মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহকারী, ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৮৭,৭১৮৩৮৮৮ তারিখ: ৩১.০৭.২৪ মূলে প্রদান। ০৬. কেন্দুয়া মদন রাস্তা সরকারি কলেজের সামনে ০২টি গর্ত বালু ও কোয়া দারা ভারাট কাজের বিল বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৮৯ তারিখ: ৩১.০৭.২০২৪ মূলে জনাব মো: হুমায়ুন, পিতা লুৎফর রহমান, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৯০,৭১৮৩৮৯১ তারিখ: ৩৭.০৭.২৪ মূলে প্রদান। ০৭. নেত্রকোণা ঘ-১১০০৩২ জীপ গাড়ি সার্ভিসিং এর বিল বাবদ ১৫,৭৫২/- চেক নং-৭১৮৩৮৯৮ তারিখ: ৬.০৮.২০২৪ মূলে জনাব মো: জহির রানা, জীপ গাড়ী চালক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১,৩২০/-টাকা ও আয়কর বাবদ ৫২৮/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৯৯,৭১৮৩৯০০ তারিখ: ০৮.০৮.২৪ মূলে প্রদান। ০৮. উপজেলা পরিষদ মিলনায়তনের সম্মুখে বিদ্যুৎ এর মিটার বক্স ও মিলনায়তনে কাঠের দরজা মেরামত বাবদ ১৯,৯৫৮/- চেক নং-৭১৮৩৯০১ তারিখ: ৬.০৮.২০২৪ মূলে জনাব মো: শাহীন মিয়া, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৬৭৩/-টাকা ও আয়কর বাবদ ৬৬৯/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯০২,৭১৮৩৯০৩ তারিখ: ০৬.০৮.২৪ মূলে প্রদান। ০৯। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে ০১সেট সোফা রেকিসিন পরিবর্তন ও মেরামত কাজের বিল বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৯০৪ তারিখ: ২২.০৮.২০২৪ মূলে জনাব মো: রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯০৫,৭১৮৩৯০৬ তারিখ: ২২.০৮.২৪ মূলে প্রদান। ১০। চেয়ারম্যান উপজেলা অফিস কক্ষে ০১সেট সোফা রেকিসিন পরিবর্তন ও মেরামত কাজের বিল বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৯০৭ তারিখ: ২২.০৮.২০২৪ মূলে জনাব আমান উল্লাহ, সি এ, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯০৮,৭১৮৩৯০৯ তারিখ: ২২.০৮.২৪ মূলে প্রদান। ১১। প্রশাসক, উপজেলা পরিষদ এর কক্ষে ব্যবহারের জন্য চেয়ার ক্রয় বাবদ ২১,৯২৭/-চেক নং-৭১৮৩৯১০ তারিখ: ২৫.০৮.২০২৪ মূলে জনাব মো: শাহীন মিয়া, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৩৮/-টাকা ও আয়কর বাবদ ৭৩৫/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯১১,৭১৮৩৯১২ তারিখ: ২৫.০৮.২৪ মূলে প্রদান। ১২। ছেলের অসুস্থতার চিকিৎসার জন্য ১০,০০০/-চেক নং-৭১৮৩৯১৩ তারিখ:২৮.০৮.২০২৪মূলে জনাব রঞ্জু মিয়াকে প্রদান। ১৩।কেন্দুয়া মদন রাস্তায় গোগ বাজার পযন্ত গর্ত ভরাট প্রকল্পের বিল বাবদ ১,৭৯,০০০/-চেক নং-৭১৮৩৯১৪, তারিখ:২৮.০৮.২৪মূলে জনাব মো: আমিনুল ইসলাম, উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত)কে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৫,০০০/-টাকা ও আয়কর বাবদ ৬০০০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯১৫,৭১৮৩৯১৬ তারিখ: ২৮.০৯.২৪ মূলে প্রদান।১৪। উপজেলা পরিষদের হলরুমে রংকরণ দরজা জানালা মেরামত প্রকল্প কাজের বিল বাবদ ১,৭৯,০০০/-চেক নং-৭১৮৩৯১৪, তারিখ: ২৮.০৮.২৪মূলে জনাব ইউনুস রহমান, সমাজসেবা কর্মকর্তাকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৫,০০০/-টাকা ও আয়কর বাবদ ৬০০০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৯১৮,৭১৮৩৯১৯ তারিখ: ২৮.০৯.২৪ মূলে প্রদান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৮/২০২৪

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭৯০ 

তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রি.

বগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

নিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জেলা প্রশাসক, নেত্রকোণা।

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭৯০

তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।

২। চেয়ারম্যান ........................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।

৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা